

| ৩.১০ সেবার নাম: প্রকল্প/কর্মসূচিভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন  |  |   |                  |
|--|--|---|------------------|
| ৩.১০.১ সেবা প্রোফাইল   |  |   |                  |
| সেবা প্রদানকারী অফিসের নাম   | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী   | সেবাপ্রাপ্তির স্থান   | প্রয়োজনীয় সময় |
| উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়                             | ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার<br>২. সহকারী পরিদর্শক   | উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়  | ৭-৬০ দিন         |
| <b>সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ</b>                                 | <p>সরকারি কর্মসূচির আওতায় গঠিত অর্থাৎ সরকারি কোনো প্রতিষ্ঠানের কর্মসূচি/প্রকল্পের আওতাভুক্ত প্রাপ্তবয়স্ক উপকারভোগী ২০ জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার প্রদান করে থাকে। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:</p> <p>সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্পের ২০ জনের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।</p> <p>নিবন্ধনের আপত্তি থাকলে রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান/আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।</p> |   |                  |
| <b>সেবাপ্রাপ্তির শর্তাবলি</b>  | সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে অথবা সংশ্লিষ্ট প্রকল্পের ২০ জনের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র   |   |                  |
| <b>প্রয়োজনীয় কাগজপত্র</b>  | <ol style="list-style-type: none"> <li>১. সমবায় সমিতি বিধিমালাতে উল্লিখিত নির্ধারিত ফরমে আবেদনপত্র</li> <li>২. ৫৭.৫০ (সাতান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকা (৫০.০০ টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট ৭.৫০) ট্রেজারি চালানের মূল কপি</li> <li>৩. সদস্যদের স্বাক্ষরযুক্ত তিন প্রস্থ উপ-আইন</li> <li>৪. সাংগঠনিক সভার কার্যবিবরণী</li> <li>৫. আয়-ব্যয়ের হিসাব</li> <li>৬. দুই বছরের প্রাক্কলিত বাজেট</li> <li>৭. জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদ</li> <li>৮. আইনানুসারে অঙ্গীকারনামা</li> <li>৯. বাড়িভাড়ার চুক্তিপত্র</li> <li>১০. প্রস্তাবিত ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ছবিসহ নামের তালিকা</li> </ol>  |   |                  |
| <b>প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ</b>                          | ৫৭.৫০ (সাতান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকা (৫০.০০ টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট ৭.৫০)  |   |                  |
| <b>সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা</b>                                   | <ol style="list-style-type: none"> <li>১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)</li> <li>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪</li> <li>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১</li> <li>৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩</li> </ol>   |   |                  |
| <b>নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা</b> | জেলা সমবায় কর্মকর্তা  |   |                  |
| <b>সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ</b>                    | ক) নাগরিক পর্যায়  | সমবায় আইন ও বিধি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকা<br>সমিতির রেকর্ডপত্র যথাযথভাবে লিপিবদ্ধ না করা |                  |
|  | খ) সরকারি পর্যায়  | সমিতির সকল সদস্যের তথ্য যাচাই এবং প্রদত্ত সকল রেকর্ডপত্র স্বল্পসময়ে যাচাই করা অনেক কষ্টসাধ্য           |                  |
| <b>বিবিধ/অন্যান্য</b>  |  |   |                  |